



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-

dgmsme@krishibank.org.bd

পত্র নং- প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ১৮-১৯(১২৫০)

তারিখঃ ২৬/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : সিএমএসএমই খাতে অর্থায়নের বিপরীতে ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় চলতি মূলধন খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১, তারিখ ১৮ জানুয়ারি, ২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। দেশের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ সুবিধা নিশ্চিত করতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ এর মাধ্যমে ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিমের নীতিমালা জারি করা হয়। পরবর্তীতে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখঃ ০৮/১১/২০২২ মূলে নীতিমালা সহজিকরণ করা হয়। উপরোক্ত সার্কুলার ও সার্কুলার লেটার দুটি অত্র বিভাগের পত্র নং-১৩২ ও ১১৮৪, তারিখ যথাক্রমে ২১/০৭/২০২২ ও ১০/১১/২০২২ মূলে ব্যাংকের মাঠ পর্যায়ে জারি করা হয়েছে।

০৩। উদ্যোক্তাগণের মেয়াদি ঋণ/বিনিয়োগের পাশাপাশি চলতি মূলধন ঋণ/বিনিয়োগের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের গ্রাহকদের উক্ত চাহিদা পূরণে অর্থায়ন করার প্রয়োজনীয়তা পরিলক্ষিত হওয়ায় বর্ণিত স্কিমের আওতায় মেয়াদি ঋণ/বিনিয়োগের পাশাপাশি চলতি মূলধন ঋণ/বিনিয়োগের ক্ষেত্রেও পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। কিন্তু অংশগ্রহণকারী বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত পুনঃঅর্থায়নের আবেদন বাংলাদেশ ব্যাংক কর্তৃক পর্যালোচনান্তে দেখা যায় কিছু কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের গ্রাহকদের অনুকূলে এককালীন/বিভিন্ন ধরনের কিস্তিতে আদায়ের শর্তে ১২ মাসের অধিক মেয়াদের জন্য চলতি মূলধন ঋণ/বিনিয়োগ প্রদান করেছে, যা চলতি মূলধন ঋণ/বিনিয়োগের মূল বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।


০৪। এমতাবস্থায়, আলোচ্য স্কিমের আওতায় যথাযথভাবে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ খাতে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

- চলতি মূলধন ঋণ/বিনিয়োগের মেয়াদ হবে সর্বোচ্চ ১২ (বার) মাস। তবে, চলতি মূলধন খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ প্রয়োজনবোধে নবায়ন করা যাবে এবং নবায়নকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকের নিকট পুনরায় আবেদন করতে পারবে।
- চলতি মূলধন ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়নকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মেয়াদান্তে সুদ/মুনাফাসহ আসল এককালীন আদায় করা হবে।

০৫। এতদ্ব্যতীত, আলোচ্য সার্কুলারের অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৬। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১, তারিখ ১৮ জানুয়ারি, ২০২৩ অপর পৃষ্ঠায় ছবছ পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১ এর নির্দেশনা যথাযথ পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত  
  
(মোহাম্মদ শহিদুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক  
ফোন : ০২-২২৩৩৮৮৯৪৯

বিষয় : সিএমএসএমই খাতে অর্থায়নের বিপরীতে ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় চলতি মূলধন খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।

পত্র নং- প্রকা/ক্রঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ১৮২৯ (১২৩০)

তারিখঃ ২৬/০১/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

*Mossin*  
24/01/2023

(মুহাম্মদ মোশাররফ হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক



**বাংলাদেশ ব্যাংক**  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১

তারিখ: ০৪ মাঘ ১৪২৯  
১৮ জানুয়ারি ২০২৩


ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**সিএমএসএমই খাতে অর্থায়নের বিপরীতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের  
আওতায় চলতি মূলধন খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুলাই ২০২২ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এবং ০৮ নভেম্বর ২০২২ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. উদ্যোক্তাগণের মেয়াদি ঋণ/বিনিয়োগের পাশাপাশি চলতি মূলধন ঋণ/বিনিয়োগের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের গ্রাহকদের উক্ত চাহিদা পূরণে অর্থায়ন করার প্রয়োজনীয়তা পরিলক্ষিত হওয়ায় বর্ণিত স্কিমের আওতায় মেয়াদি ঋণ/বিনিয়োগের পাশাপাশি চলতি মূলধন ঋণ/বিনিয়োগের ক্ষেত্রেও পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। কিন্তু অংশগ্রহণকারী বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত পুনঃঅর্থায়নের আবেদন পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, কিছু কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের গ্রাহকদের অনুকূলে এককালীন/বিভিন্ন ধরনের কিস্তিতে আদায়ের শর্তে ১২ মাসের অধিক মেয়াদের জন্য চলতি মূলধন ঋণ/বিনিয়োগ প্রদান করেছে, যা চলতি মূলধন ঋণ/বিনিয়োগের মূল বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।
৩. এতদপ্রেক্ষিতে, আলোচ্য স্কিমের আওতায় যথাযথভাবে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ খাতে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:
  - ক) চলতি মূলধন ঋণ/বিনিয়োগের মেয়াদ হবে সর্বোচ্চ ১২(বার) মাস। তবে, চলতি মূলধন খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ প্রয়োজনবোধে নবায়ন করা যাবে এবং নবায়নকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংকের নিকট পুনরায় আবেদন করতে পারবে।
  - খ) চলতি মূলধন ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়নকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান হতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মেয়াদান্তে সুদ/মুনাফাসহ আসল এককালীন আদায় করা হবে।
৪. এছাড়া, পুনঃঅর্থায়নের আবেদনের সময় এতদসঙ্গে সংযুক্ত সংশোধনকৃত সংযোজনী-'খ' ও সংযোজনী-'গ' ব্যবহার করতে হবে।
৫. এতদ্ব্যতীত, সূত্রে বর্ণিত সার্কুলারের অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
৬. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
৭. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,  


(মোহাম্মদ আশিকুর রহমান)  
পরিচালক (এসএমইএসপিডি)

ফোন: ৯৫৩০৫০২

সূত্র: -----

তারিখ:-----

পরিচালক (এসএমইএসপিডি)  
এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

মহোদয়,

‘সিএমএসএমই খাতে মেয়াদি ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম’ হতে  
পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুলাই ২০২২ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এর নির্দেশন অনুসরণপূর্বক উক্ত পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ----- তারিখ হতে ----- তারিখ পর্যন্ত সময়ে ----- জন সিএমএসএমই উদ্যোক্তার অনুকূলে মোট-----টাকা ঋণ/বিনিয়োগ বিতরণ করা হয়েছে। আলোচ ঋণ/বিনিয়োগ বিতরণে সার্কুলারে বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। উক্ত স্কিমের আওতায় এ পর্যন্ত অর্থায়নের খাতওয়ারী বিভাজন নিম্ন ছকে উল্লেখ করা হলো:

উদ্যোগের প্রকৃতি	বিতরণের হার	ঋণ/বিনিয়োগের ধরন	বিতরণের হার	উদ্যোগের ধরন	বিতরণের হার
উৎপাদন		মেয়াদি		কুটির, মাইক্রো ও ক্ষুদ্র	
সেবা		চলতি মূলধন		মাঝারি	
ব্যবসা					

বর্ণিত অর্থায়নের বিপরীতে উল্লিখিত পুনঃঅর্থায়ন স্কিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিস্তারিত তথ্য (সংযোজনী-‘গ’) এতদসঙ্গে দাখিল করা হলো। উক্ত আবেদনসংশ্লিষ্ট তথ্যাদি ইতিমধ্যে অনলাইনে দাখিল করা হয়েছে যার বিবরণ নিম্নরূপঃ

অনলাইন আবেদন তারিখ	অনলাইন ট্র্যাকিং নম্বর

এমতাবস্থায়, অত্র ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অনুকূলে সংযুক্ত বর্ণনা মোতাবেক মোট -----টাকা (কথায়-----) পুনঃঅর্থায়ন প্রদান করে বাধিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান

----- ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

ফোন: -----

ই-মেইল:-----

সংযোজনী:

১। ঋণ/বিনিয়োগ সংক্রান্ত তথ্য (সংযোজনী-‘গ’)।



“সিএমএসএমই খাতে মেয়াদি ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম” এর আওতায়

পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য ঋণ/বিনিয়োগ সংক্রান্ত তথ্য

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:																			
অর্থায়ন সময়কাল:																			
ক্র. নং	ঋণ/বিনিয়োগ গ্রহীতা/উদ্যোগের বিবরণ									ঋণ/বিনিয়োগ ও পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্য									মন্তব্য (যদি থাকে)
	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠানের ঠিকানা	মালিকানার প্রকৃতি (প্রোপ্রাইটরশিপ/মৌখিক মালিকানা/কোম্পানি)	ব্যবসা/কার্যক্রমের ধরন/বিবরণ	উদ্যোগের ধরন (কৃষ্টির/মাইক্রো/ক্ষুদ্র/মাকারি)	উদ্যোগের প্রকৃতি (উৎপাদন/সেবা/ব্যবসা)	ট্রেড লাইসেন্স নং	উদ্যোক্তা/উদ্যোক্তাদের নাম	NID নং	ঋণ/বিনিয়োগ হিসাব নং	ঋণ/বিনিয়োগ বিতরণের তারিখ	ঋণ/বিনিয়োগের ধরন (মেয়াদি/চলতি মূলধন)	ঋণ/বিনিয়োগের উদ্দেশ্য	বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ (টাকা)	গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার (%)	গ্রেস পিরিয়ড (মাস)	গ্রেস পিরিয়ডসহ ঋণ/বিনিয়োগের মেয়াদ (মাস)	দাবীকৃত পুনঃঅর্থায়নের পরিমাণ (টাকা)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)	(১৭)	(১৮)	(১৯)	(২০)
১																			
২																			
৩																			
মোট	-	-			-	-	-	-	-	-					-	-	-		-

আপনাদের বিশ্বস্ত,

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান

----- ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

ফোন: -----

ই-মেইল:-----

W